# উপজেলা পরিষদ

কোম্পানীগঞ্জ, নোয়াখালী।

নোয়াখালী জেলার কোম্পানীগঞ্জ উপজেলার জুন/২০২৩ মাসের উপজেলা পরিষদের মাসিক সাধারণ সভার কার্যবিবরণী।

সভাপতি ঃ জনাব মোহাম্মদ শাহাব উদ্দিন
চেয়ারম্যান, উপজেলা পরিষদ, কোম্পানীগঞ্জ, নোয়াখালী
সভার স্থান ঃ উপজেলা পরিষদ মিলনায়তন।
তারিখ ও সময় ঃ ২৬-০৬-২০২৩খ্রিঃ, বেলা ১২:০০ টা।

সভায় উপস্থিত সদস্যবৃন্দের তালিকা : পরিশিষ্ট "ক"

সভার প্রারম্ভে উপজেলা পরিষদ চেয়ারম্যান ও সভাপতি সম্মানিত সদস্যগণকে স্বাগত জানিয়ে সভার কাজ শুরু করেন। সভাপতি উপজেলা নির্বাহী অফিসারকে সভার কার্যক্রম পরিচালনার জন্য অনুরোধ করেন। সভায় বিগত সভার কার্যবিবরণী পাঠ করে শুনানো হলে কোন সংশোধনী না থাকায় তা সর্বসম্মতিক্রমে দৃঢ়ীকরণ করা হয়। এরপর বিভাগওয়ারী নিম্নোক্ত আলোচনাপূর্বক সিদ্ধান্ত গৃহীত হয়।

| আলোচনা | সিদ্ধান্ত | বাস্তবায়নে |
|---|---|---|
| ১। **উপজেলা স্বাস্থ্য বিভাগ ঃ** উপজেলা স্বাস্থ্য ও পরিবার পরিকল্পনা কর্মকর্তা সভায় উপস্থিত না থাকায় তার বিভাগীয় কার্যক্রম সম্পর্কে আলোচনা করা যায়নি। | পরবর্তী সভায় উপস্থিত থেকে বিভাগীয় কার্যক্রম সঠিকভাবে চালিয়ে যাওয়ার সিদ্ধান্ত গৃহীত হয়। | উপজেলা স্বাস্থ্য ও পরিবার পরিকল্পনা কর্মকর্তা |
| ২। **উপজেলা কৃষি বিভাগ ঃ** উপজেলা কৃষি কর্মকর্তা সভায় জানান যে, আমন মৌসুমের প্রণোদনা কর্মসূচির আওতায় ১,০০০ (এক হাজার) কৃষকের মাঝে বীজ ও সার বিতরন সম্পন্ন হয়েছে। অনাবাদি পতিত জমিতে পুষ্টি বাগানের কার্যক্রম চলমান রয়েছে। এছাড়া তার বিভাগের বিভাগীয় কার্যক্রম স্বাভাবিকভাবে চলমান আছে। | বিভাগীয় কার্যক্রম সঠিকভাবে চালিয়ে যাওয়ার সিদ্ধান্ত গৃহীত হয়। | উপজেলা কৃষি অফিসার। |
| ৩। **উপজেলা প্রাণিসম্পদ বিভাগ ঃ** উপজেলা প্রাণিসম্পদ কর্মকর্তা সভায় জানান যে, তার বিভাগের বিভাগীয় কার্যক্রম স্বাভাবিকভাবে চলমান আছে। | বিভাগীয় কার্যক্রম সঠিকভাবে চালিয়ে যাওয়ার সিদ্ধান্ত গৃহীত হয়। | উপজেলা প্রাণিসম্পদ কর্মকর্তা। |
| ৪। **পরিবার পরিকল্পনা বিভাগ ঃ** উপজেলা পরিবার পরিকল্পনা কর্মকর্তা সভায় উপস্থিত না থাকায় তার বিভাগীয় কার্যক্রম সম্পর্কে আলোচনা করা যায়নি | পরবর্তী সভায় উপস্থিত থেকে বিভাগীয় কার্যক্রম সঠিকভাবে চালিয়ে যাওয়ার সিদ্ধান্ত গৃহীত হয়। | উপজেলা প:প: কর্মকর্তা |
| ৫। **উপজেলা প্রাথমিক শিক্ষা বিভাগ ঃ** উপজেলা শিক্ষা কর্মকর্তা সভায় জানান যে, তার বিভাগের সকল বিভাগীয় কার্যক্রম স্বাভাবিকভাবে চলমান রয়েছে। | বিধি মোতাবেক বিভাগীয় কার্যক্রম চালিয়ে যাওয়ার সিদ্ধান্ত গৃহীত হয়। | উপজেলা শিক্ষা অফিসার, কোম্পানীগঞ্জ |
| ৬। **মৎস্য বিভাগ ঃ** উপজেলা মৎস্য কর্মকর্তা সভায় জানান যে,<br>০১। ৬৫ দিন গভীর সমুদ্রে মৎস্য আহরণ বন্ধ থাকায় সমুদ্রগামী ৩৮৯৫ জন জেলেদের ২১৮.১২ মে: টন চাল যথাসময়ে বিতরণ করায় সংশ্লিষ্ট চেয়ারম্যানগণ ধন্যবাদ জ্ঞাপন করেন।<br>০২। বর্ষায় চিংড়ি পোনা ও মাছের পোনা নিধন বন্ধে সংশ্লিষ্ট সকলের সহযোগিতা কামনা করেন। এছাড়া তার বিভাগের সকল বিভাগীয় কার্যক্রম স্বাভাবিকভাবে চলমান রয়েছে। | বিধি মোতাবেক বিভাগীয় কার্যক্রম চালিয়ে যাওয়ার সিদ্ধান্ত গৃহীত হয়। | উপজেলা মৎস্য কর্মকর্তা |
| ৭। **এলজিইডি ঃ**<br>ক) ২০২২-২৩ অর্থবছরে বার্ষিক উন্নয়ন কর্মসূচীর (এডিপি) আওতায় অনুমোদিত কাজ গুলো যথাসময়ে সমাপ্ত করা হয়। এ বিষয়ে সার্বিক সহযোগিতার জন্য সকল ইউনিয়ন পরিষদ চেয়ারম্যানদেরকে ধন্যবাদ জানাই। অপরদিকে ২০২৩-২৪ অর্থবছরের বার্ষিক উন্নয়ন কর্মসূচীর আওতায় (এডিপি) বাস্তবায়নের জন্য সংশ্লিষ্ট ইউনিয়ন পরিষদের চেয়ারম্যানগণ স্কীম দাখিল করার জন্য প্রস্তাব করেন।<br>খ) চতুর্থ প্রাথমিক শিক্ষা উন্নয়ন কর্মসূচীর (পিইডিপি-৪) আওতায় চরএলাহী সরকারি প্রাথমিক বিদ্যালয় উন্নয়ন (প্যাকেজ নং-e-Tender/PEDP-4/NOA/COM/2021-22/W2-04098) কাজটি বাস্তবায়নের জন্য এলজিইডি সদর দপ্তরের স্মারক নং-৪৬.০২.০০০০.৯০২.১৪.১৩৬৭.২১-৬৬, তারিখ-১২-০১-২০২২ ইং মোতাবেক প্রশাসনিক অনুমোদন প্রদান করেন। সেই অনুযায়ী দরপত্র আহবান করে ঠিকাদার নিযুক্ত করা হয়। সে মোতাবেক ঠিকাদার | ক) (১) ২০২২-২৩ অর্থবছরে বার্ষিক উন্নয়ন কর্মসূচীর (এডিপি) খাতের সকল প্রকল্প গুলো যথাসময়ে সমাপ্ত হওয়ায় সকল ইউনিয়ন পরিষদের চেয়ারম্যানগণকে সার্বিক সহযোগিতা করায় ধন্যবাদ জানান। একই সাথে ২০২৩-২৪ অর্থবছরের এডিপি স্কীম দাখিল করার জন্য সংশ্লিষ্ট ইউনিয়ন পরিষদ চেয়ারম্যানদেরকে যথাসময়ে স্কীম দাখিল করার জন্য সিদ্ধান্ত গৃহীত হয়।<br>খ) চতুর্থ প্রাথমিক শিক্ষা উন্নয়ন কর্মসূচীর (পিইডিপি-৪) আওতায় চরএলাহী সরকারি প্রাথমিক বিদ্যালয় উন্নয়ন (প্যাকেজ নং-e-Tender/PEDP-4/NOA/COM/2021-22/W2-04098) কাজটি বাস্তবায়ন নির্ধারিত | ক) চেয়ারম্যান উপজেলা পরিষদ/উপজেলা নির্বাহী অফিসার / উপজেলা প্রকৌশলী/ইউপি চেয়ারম্যান (সকল)<br>খ) উপজেলা প্রকৌশলী<br>গ) চেয়ারম্যান উপজেলা পরিষদ/উপজেলা নির্বাহী অফিসার / উপজেলা প্রকৌশলী |

| | | |
|---|---|---|
| বাস্তবায়নের জন্য উদ্যোগ গ্রহণ করেন। কিন্তু বিদ্যালয়ের কাজ বাস্তবায়নের জন্য মালামাল পরিবহন করার একমাত্র সড়কের মাঝে অবস্থিত পুরাতন ব্রিজটি ধ্বসে পড়ে। সড়ক ও জনপথ বিভাগ কর্তৃক পুরাতন ব্রিজটি ভেঙ্গে নতুন ব্রিজের নির্মাণ কাজ করিতেছে বিধায় নির্মাণ কাজের মালামাল পরিবহন করা সম্ভব হয় নাই। তাই উক্ত দরপত্রটি বাতিল পূর্বক পুনরায় প্যাকেজটি অনুমোদনের জন্য প্রস্তাব করেন।<br>**গ)** উপজেলা রাজস্ব তহবিলের অর্থায়নে উপজেলায় পরিষদের নির্মিত পাবলিক লাইব্রেরি কাম সাংস্কৃতিক কেন্দ্রটি উদ্ধমুখী সম্প্রসারণ (Vertical Extension) কাজ বাস্তবায়নের জন্য প্রস্তাব করেন।<br>**ঘ)** উপজেলা প্রকৌশলী সভায় জানান যে, স্থানীয় সরকার প্রকৌশল অধিদপ্তর কর্তৃক অত্র উপজেলায় গাড়ী বরাদ্দ করেন। উক্ত বরাদ্দকৃত গাড়ী রাখার জন্য একটি গ্যারেজ প্রয়োজন বিধায় উপজেলা রাজস্ব তহবিল হইতে ব্যয় নির্বাহ করার জন্য প্রস্তাব করেন। | সময়ের মধ্যে করা অসম্ভব। তাই দরপত্রটি বাতিল পূর্বক পুনরায় প্যাকেজটি অনুমোদনের জন্য উপজেলা প্রকৌশলীকে পরবর্তী প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহনের জন্য সিদ্ধান্ত গৃহীত হয়।<br>গ) উপজেলা পরিষদ পাবলিক লাইব্রেরী কাম সাংস্কৃতিক ভবনটির উদ্ধমুখী সম্প্রসারণ কাজের (Vertical Extension) প্রাক্কলন প্রস্তুত করার জন্য সিদ্ধান্ত গৃহীত হয়।<br>ঘ) স্থানীয় সরকার প্রকৌশল অধিদপ্তর কর্তৃক উপজেলা প্রকৌশলীর জন্য বরাদ্দকৃত গাড়ীর গ্যারেজ স্থানীয় সরকার মন্ত্রনালয়ের অনুমোদন সাপেক্ষে উপজেলা রাজস্ব তহবিলের অর্থায়নে নির্মাণের সিদ্ধান্ত গৃহীত হয়। এ বিষয়ে স্থানীয় সরকার মন্ত্রনালয়ের অনুমোদনের নিমিত্ত পত্র প্রেরণের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য উপজেলা প্রকৌশলী, কোম্পানীগঞ্জ, নোয়াখালীকে অনুরোধ করা হয়। | |
| ৮। **মহিলা বিষয়ক অধিদপ্তর** ঃ উপজেলা মহিলা বিষয়ক কর্মকর্তা সভায় জানান যে, তার বিভাগের সকল বিভাগীয় কার্যক্রম স্বাভাবিকভাবে চলমান রয়েছে। | বিধি মোতাবেক বিভাগীয় কার্যক্রম চালিয়ে যাওয়ার সিদ্ধান্ত গৃহীত হয়। | উপজেলা মহিলা বিষয়ক কর্মকর্তা |
| ৯। **সমবায় বিভাগ** ঃ উপজেলা সমবায় কর্মকর্তা বলেন, তার বিভাগীয় কার্যক্রম স্বাভাবিক চলছে। আশ্রয়ন প্রকল্পের ঋণ আদায় কার্যক্রম চলমান আছে। ২০২৩-২৪ অর্থবছরের বার্ষিক বিধিবদ্ধ অডিট সম্পাদনের জন্য অডিট অফিসার নিয়োগ করা হয়েছে। সরকারি রাজস্ব (অডিট ফি) তালিকা চূড়ান্ত করা হয়েছে যা ১ জুলাই ২০২৩ খ্রিঃ তারিখ হতে আদায় করা হবে। | বিধি মোতাবেক বিভাগীয় কার্যক্রম চালিয়ে যাওয়ার সিদ্ধান্ত গৃহীত হয়। | উপজেলা সমবায় কর্মকর্তা |
| ১০। **খাদ্য বিভাগ** ঃ উপজেলা খাদ্য নিয়ন্ত্রক সভায় জানান যে, চলতি অভ্যন্তরীন বোরো সংগ্রহ/২০২৩ মৌসুমে অত্র কোম্পানীগঞ্জ উপজেলায় মোট ৭,৬৩,০০০ মেঃ টন ধান ও ১২৬৩,০০০ মেঃ টন চাল সংগ্রহের লক্ষ্যমাত্রা পাওয়া গেছে। এ বছর বোরো ধানের সংগ্রহমূল্য ৩০/- টাকা কেজি এবং বোরো চালের সংগ্রহমূল্য ৪৪/- টাকা কেজি নির্ধারণ করা হয়েছে। ধান 'কৃষকের অ্যাপস' এ নিবন্ধিত প্রকৃত কৃষকের কাছ থেকে এবং খাদ্য বিভাগের লাইসেন্সধারী চালকল মালিক বা মিলার এর কাছ থেকে চাল সংগ্রহ করতে হবে। এ সংগ্রহের সময়সীমা আগামী ৩১ আগষ্ট ২০২৩ খ্রিঃ তারিখ পর্যন্ত নির্ধারিত আছে। গত ২৫-০৬-২০২৩ খ্রিঃ তারিখ পর্যন্ত ৫৮২,০০০ মেঃ টন বোরো চাল সংগ্রহ করা সম্ভব হয়েছে। আশা করা যায় নির্ধারিত সময়ের মধ্যে চাল ও ধান সংগ্রহ করা সম্ভব হবে। এছাড়া তার বিভাগের সকল বিভাগীয় কার্যক্রম স্বাভাবিকভাবে চলমান আছে। | বিধি মোতাবেক বিভাগীয় কার্যক্রম চালিয়ে যাওয়ার সিদ্ধান্ত গৃহীত হয়। | উপজেলা খাদ্য নিয়ন্ত্রক |
| ১১। **উপজেলা মাধ্যমিক শিক্ষা বিভাগ** ঃ উপজেলা মাধ্যমিক শিক্ষা কর্মকর্তা সভায় জানান যে, তার বিভাগের সকল বিভাগীয় কার্যক্রম স্বাভাবিকভাবে চলমান রয়েছে। | বিভাগীয় কার্যক্রম সঠিকভাবে চালিয়ে যাওয়ার সিদ্ধান্ত গৃহীত হয়। | উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিসার, কোম্পানীগঞ্জ |
| ১২। **পরিসংখ্যান বিভাগ** ঃ উপজেলা পরিসংখ্যান কর্মকর্তা সভায় জানায় যে, তার বিভাগের সকল বিভাগীয় কার্যক্রম স্বাভাবিকভাবে চলমান আছে। | বিধি মোতাবেক সকল বিভাগীয় কার্যক্রম সঠিকভাবে চালিয়ে যাওয়ার সিদ্ধান্ত গৃহীত হয়। | উপজেলা পরিসংখ্যান অফিসার, কোম্পানীগঞ্জ |
| ১৩। **তথ্য ও যোগাযোগ প্রযুক্তি অধিদপ্তর** ঃ উপজেলা সহকারী প্রোগ্রামার সভায় জানান যে, শেখ রাসেল ডিজিটাল ল্যাব প্রকল্পে শিক্ষক প্রশিক্ষণ এবং ট্রাবলশুটিং প্রশিক্ষণ জুলাই মাসে অনুষ্ঠিত হবে। প্রতি ব্যাচে ২০ জন করে প্রতি প্রতিষ্ঠান থেকে ৪ জন করে অংশগ্রহণ করবে। এছাড়া ওয়েব পোর্টাল হালনাগাদ স্বাভাবিক রয়েছে। | বিধি মোতাবেক সকল বিভাগীয় কার্যক্রম সঠিকভাবে চালিয়ে যাওয়ার সিদ্ধান্ত গৃহীত হয়। | সহকারী প্রোগ্রামার |
| ১৪। **যুব উন্নয়ন বিভাগ** ঃ উপজেলা যুব উন্নয়ন কর্মকর্তা সভায় জানান যে, যুব উন্নয়ন অধিদপ্তর জুন/২৩ মাসে ৫জন যুবদের মাঝে ৪,২০,০০০/- টাকা যুবঋণ বিতরণ করা হয়েছে। ২টি ব্যাচে ৩০ জন করে মোট ৬০ জন যুব পুরুষ ও যুব মহিলাকে হাঁস মুরগী পালন ও গরু মোটাতাজাকরণ প্রশিক্ষণ প্রদান শেষ হয়েছে। সামাজিক কর্মকান্ড ও স্বেচ্ছাসেবক মূলক কাজে যুবদের ভূমিকা শীর্ষক জনসচেতনতা | বিধি মোতাবেক সকল বিভাগীয় কার্যক্রম সঠিকভাবে চালিয়ে যাওয়ার সিদ্ধান্ত গৃহীত হয়। | উপজেলা যুব উন্নয়ন কর্মকর্তা |

| | | |
|---|---|---|
| মূলক ১ দিনের কর্মশালা উপজেলা নির্বাহী অফিসার, কোম্পানীগঞ্জ, নোয়াখালী মহোদয়ের সভাপতিত্বে সম্পন্ন হয়েছে। এছাড়া তার বিভাগের সকল বিভাগীয় কার্যক্রম স্বাভাবিকভাবে চলমান রয়েছে।। | | |
| ১৫। **বন বিভাগ ঃ** উপজেলা বন কর্মকর্তা সভায় জানান যে, বিভিন্ন ইউনিয়নের বিভিন্ন সড়কের পাশে কিছু ঝুকিপূর্ন গাছ ঘর/দোকানের দিকে হেলে আছে এবং কিছু কিছু নতুন বাড়ী করার জন্য বাড়ীর সীমানা প্রাচীর ও গেইট করার জন্য স্থানীয় জনগন গাছ কাটার আবেদন করেন। এর মধ্যে সিরাজপুর ইউনিয়নের ০২টি আবেদন, চরহাজারী ইউনিয়নের ০২টি আবেদন, চরকাঁকড়া ইউনিয়নের ০১টি আবেদন ও চরফকিরা ইউনিয়নে একটি মসজিদের গেইট ও সীমানা প্রাচীর করার জন্য একটি আবেদন জমা হয়েছে এ বিষয়ে সদয় সিদ্ধান্ত প্রয়োজন। এছাড়া গত ২০২১-২২ অর্থ বছরে অত্র রেঞ্জের অধীন বিভিন্ন প্রকল্পে ৫২ কিমি. সংযোগ সড়কে বাগান করা হয়েছে এবং তার বিভাগের সকল বিভাগীয় কার্যক্রম স্বাভাবিকভাবে চলমান আছে। | আবেদন সমূহ এ সংক্রান্ত কমিটির সভায় উপস্থাপন করার সিদ্ধান্ত গৃহীত হয় এবং বিধি মোতাবেক সকল বিভাগীয় কার্যক্রম সঠিকভাবে চালিয়ে যাওয়ার সিদ্ধান্ত গৃহীত হয়। | উপজেলা বন কর্মকর্তা |
| ১৬। **জনস্বাস্থ্য বিভাগ ঃ** উপ-সহকারী প্রকৌশলী (জনস্বাস্থ্য) সভায় জানান যে, তার বিভাগের সকল বিভাগীয় কার্যক্রম স্বাভাবিকভাবে চলমান আছে। | বিভাগীয় কার্যক্রম সঠিকভাবে চালিয়ে যাওয়ার সিদ্ধান্ত গৃহীত হয়। | উপ-সহকারী প্রকৌশলী (জনস্বাস্থ্য) |
| ১৭। **ত্রাণ ও দুর্যোগ ব্যবস্থাপনা বিভাগ ঃ** উপজেলা প্রকল্প বাস্তবায়ন কর্মকর্তা সভায় জানায় যে, তার বিভাগের সকল বিভাগীয় কার্যক্রম স্বাভাবিকভাবে চলমান আছে। | বিভাগীয় কার্যক্রম সঠিকভাবে চালিয়ে যাওয়ার সিদ্ধান্ত গৃহীত হয়। | উপজেলা প্রকল্প বাস্তবায়ন কর্মকর্তা |
| ১৮। **সমাজসেবা বিভাগ:** উপজেলা সমাজসেবা কর্মকর্তা সভায় জানান যে, ইউনিয়ন ভিত্তিক ভাতাভোগীদের তালিকা হালনাগাদকরণ এবং মৃত ভাতাভোগীর প্রতিস্থাপন কার্যক্রম চলমান রয়েছে। তৎপ্রেক্ষিতে ইউনিয়ন পরিষদ সমূহে তালিকা পাঠানো হয়েছে। অন্যদিকে সেবাগ্রহীতাদের আর্থিক ও শারিরীক কষ্ট লাঘবে বিভিন্ন ইউনিয়ন পরিষদে সমাজসেবা টিম স্ব-শরীরে উপস্থিত থেকে প্রতিবন্ধী জরিপ করার উদ্যোগ নেয়া হয়েছে। | বিভাগীয় কার্যক্রম সঠিকভাবে চালিয়ে যাওয়ার সিদ্ধান্ত গৃহীত হয়। | ১। উপজেলা সমাজসেবা কর্মকর্তা, কোম্পানীগঞ্জ, নোয়াখালী।<br>২। ইউপি চেয়ারম্যান (সকল) |
| ১৯। **বিদ্যুৎ বিভাগ:** আবাসিক প্রকৌশলী (বিদ্যুৎ) সভায় জানান যে, বর্তমানে ০৮ মেগাওয়াট লোডের বিপরীতে ০৩.৫ মেগাওয়াট লোড বরাদ্দ আছে। তার দপ্তরে বাজার ফিডারে প্রায় ০৩ মেগাওয়াট লোডে চাহিদা থাকায় অন্যান্য ফিডারগুলোতে লোডশেডিং হচ্ছে। এজন্য তার দপ্তর আন্তরিকভাবে দুঃখিত। এছাড়া তার বিভাগের সকল বিভাগীয় কার্যক্রম স্বাভাবিকভাবে চলমান আছে। | বিভাগীয় কার্যক্রম সঠিকভাবে চালিয়ে যাওয়ার সিদ্ধান্ত গৃহীত হয়। | আবাসিক প্রকৌশলী (বিদ্যুৎ) কোম্পানীগঞ্জ, নোয়াখালী। |
| ২০। **ডিজিএম (পল্লী বিদ্যুৎ) :** ডিজিএম (পল্লী বিদুৎ) সভায় জানান যে, বর্তমানে চাহিদার বিপরীতে সরবরাহ কম থাকায় প্রতিটি ফিডারে লোডশেডিং করতে হচ্ছে। এছাড়া তার বিভাগের সকল বিভাগীয় কার্যক্রম স্বাভাবিকভাবে চলমান আছে। | বিভাগীয় কার্যক্রম সঠিকভাবে চালিয়ে যাওয়ার সিদ্ধান্ত গৃহীত হয়। | ডিজিএম (পল্লী বিদুৎ), কোম্পানীগঞ্জ, নোয়াখালী। |
| ২১। **পল্লী উন্নয়ন অফিস ঃ** পল্লী উন্নয়ন কর্মকর্তা সভায় জানান যে, খেলাপী ঋণ আদায়ে ক্রাশ প্রোগ্রাম চলমান। এছাড়া তার বিভাগের সকল বিভাগীয় কার্যক্রম স্বাভাবিকভাবে চলমান আছে। | বিভাগীয় কার্যক্রম সঠিকভাবে চালিয়ে যাওয়ার সিদ্ধান্ত গৃহীত হয়। | উপজেলা পল্লী উন্নয়ন কর্মকর্তা |
| ২২। **বিএডিসি বিভাগ ঃ** উপ-সহকারী প্রকৌশলী, বিএডিসি (ক্ষুদ্র সেচ) সভায় জানান যে, তার বিভাগের সকল বিভাগীয় কার্যক্রম স্বাভাবিকভাবে চলমান আছে। | বিভাগীয় কার্যক্রম সঠিকভাবে চালিয়ে যাওয়ার সিদ্ধান্ত গৃহীত হয়। | উপ-সহকারী প্রকৌশলী, বিএডিসি (ক্ষুদ্র সেচ) |
| ২৩। **তথ্য কেন্দ্র :** তথ্য সেবা কর্মকর্তা (তথ্য কেন্দ্র) সভায় উপস্থিত না থাকায় তার বিভাগীয় কার্যক্রম সম্পর্কে আলোচনা করা যায়নি। | পরবর্তী সভায় উপস্থিত থেকে বিভাগীয় কার্যক্রম সঠিকভাবে চালিয়ে যাওয়ার সিদ্ধান্ত গৃহীত হয়। | তথ্য সেবা কর্মকর্তা, কোম্পানীগঞ্জ, নোয়াখালী। |
| ২৪। চেয়ারম্যান, ০১ নং সিরাজপুর ইউপি, কোম্পানীগঞ্জ, নোয়াখালী বলেন, তার ইউনিয়নে বর্ষা মৌসুমে পানি নিষ্কাশনের জন্য কিছু কালভার্ট স্থাপন করা প্রয়োজন। | সংশ্লিষ্ট বিভাগকে উক্ত সমস্যা সমাধানের বিষয়ে অনুরোধ করার সিদ্ধান্ত গৃহীত হয়। | সংশ্লিষ্ট সকল |
| ২৫। চেয়ারম্যান, ০৪ নং চরকাঁকড়া ইউপি বলেন, তার ইউনিয়নে কয়েকটি রাস্তা সংস্কার করা প্রয়োজন। | সংশ্লিষ্ট বিভাগকে উক্ত সমস্যা সমাধানের বিষয়ে অনুরোধ করার সিদ্ধান্ত গৃহীত হয়। | সংশ্লিষ্ট সকল |
| ২৬। চেয়ারম্যান, উপজেলা পরিষদ, কোম্পানীগঞ্জ, নোয়াখালী বালু উত্তোলন বন্ধের জন্য সকলের সহযোগিতা কামনা করেন। এছাড়া মাদক নিয়ন্ত্রনের বিষয়ে ইউপি চেয়ারম্যান, ইউপি সদস্যসহ সকলের সহযোগিতায় সামাজিক সচেতনতা তৈরি করার কথা বলেন। | সংশ্লিষ্ট বিভাগকে উক্ত সমস্যা সমাধানের বিষয়ে অনুরোধ করার সিদ্ধান্ত গৃহীত হয়। | ইউপি চেয়ারম্যান (সকল) |

| | | |
|---|---|---|
| ২৭। উপজেলা পরিষদ বিবিধ :<br>(ক) উপজেলা পরিষদের চেয়ারম্যান, ভাইস চেয়ারম্যান ও মহিলা ভাইস চেয়ারম্যানের সম্মানী ভাতা, আপ্যায়ন ব্যয়, আনুষঙ্গিক ব্যয়, উপজেলা পরিষদের ইন্টারনেট বিল, উপজেলা পরিষদের বিদুৎ বিল, সুইপার, মালির ও নিরাপত্তা কর্মীর মজুরী, পত্রিকার বিল উপজেলা পরিষদ কর্মচারীদের সিপিএফ ফান্ডে অর্থ জমা উপজেলা পরিষদ রাজস্ব তহবিল হতে পরিশোধের জন্য সভায় উপস্থাপন করা হয়।<br>(খ) উপজেলা পরিষদের জীপগাড়ীর জ্বালানী বিল, ভাইস চেয়ারম্যানদ্বয়ের ভ্রমণ ভাতা উপজেলা পরিষদ রাজস্ব তহবিল হতে পরিশোধের জন্য সভায় উপস্থাপন করা হয়।<br><br>(গ) স্থানীয় সরকার বিভাগ, উপজেলা-২ শাখার ১৪-০২-২০২৩ খ্রি: তারিখের ৮৭ নং স্মারকে অনুমোদনকৃত ৭ টি স্কীমের মোট বিল ৩৯,৯৫,৮০৯/- (উনচল্লিশ লক্ষ পঁচানব্বই হাজার আটশত নয়) টাকা উপজেলা পরিষদ রাজস্ব তহবিল হতে পরিশোধের জন্য সভায় উপস্থাপন করা হয়।<br>(ঘ) উপজেলা পরিষদ নতুন কমপ্লেক্স ভবন আঙ্গিনা পরিষ্কার পরিচ্ছন্নতা কাজে ব্যয়িত অর্থ উপজেলা পরিষদ রাজস্ব তহবিল হতে পরিশোধের জন্য সভায় উপস্থাপন করা হয়।<br>(ঙ) উপজেলা পরিষদের ২০২৩-২৪ অর্থবছরের বাজেট এবং বার্ষিক আর্থিক প্রতিবেদন সভায় উপস্থাপন করা হয়।<br>(চ) উপজেলা পরিষদে অবস্থিত প্রতিটি দপ্তর তাদের স্ব-স্ব দপ্তরের নিজস্ব বৈদ্যুতিক মিটার স্থাপনের বিষয়ে আলোচনা কর হয়। | (ক) উপজেলা পরিষদের চেয়ারম্যান, ভাইস চেয়ারম্যান ও মহিলা ভাইস চেয়ারম্যানের সম্মানী ভাতা, আপ্যায়ন ব্যয়, আনুষঙ্গিক ব্যয়, উপজেলা পরিষদের ইন্টারনেট বিল, উপজেলা পরিষদের বিদুৎ বিল, সুইপার, মালির ও নিরাপত্তা কর্মীর মজুরী, পত্রিকার বিল উপজেলা পরিষদ কর্মচারীদের সিপিএফ ফান্ডে অর্থ জমা উপজেলা পরিষদ রাজস্ব তহবিল হতে পরিশোধের জন্য সর্বসম্মতিক্রমে সিদ্ধান্ত গৃহীত হয়।<br>(খ ) উপজেলা পরিষদের জীপগাড়ীর জ্বালানী বিল, ভাইস চেয়ারম্যানদ্বয়ের ভ্রমণ ভাতা উপজেলা পরিষদ রাজস্ব তহবিল হতে পরিশোধের জন্য সর্বসম্মতিক্রমে সিদ্ধান্ত গৃহীত হয়।<br>(গ) স্থানীয় সরকার বিভাগ, উপজেলা-২ শাখার ১৪-০২-২০২৩ খ্রি: তারিখের ৮৭ নং স্মারকে অনুমোদনকৃত ৭ টি স্কীমের প্রাক্কলিত অর্থ উপজেলা পরিষদ রাজস্ব তহবিল হতে পরিশোধের জন্য সর্বসম্মতিক্রমে সিদ্ধান্ত গৃহীত হয়।<br>(ঘ) উপজেলা পরিষদ নতুন কমপ্লেক্স ভবন আঙ্গিনা পরিষ্কার পরিচ্ছন্নতা কাজে ব্যয়িত অর্থ উপজেলা পরিষদ রাজস্ব তহবিল হতে পরিশোধের জন্য সর্বসম্মতিক্রমে সিদ্ধান্ত গৃহীত হয়।<br>(ঙ) উপজেলা পরিষদের ২০২৩-২৪ অর্থবছরের বাজেট এবং বার্ষিক আর্থিক প্রতিবেদন সভায় সর্বসম্মতিক্রমে অনুমোদন করা হয়।<br>(চ) উপজেলা পরিষদে অবস্থিত প্রতিটি দপ্তর তাদের স্ব-স্ব দপ্তরের নিজস্ব বৈদ্যুতিক মিটার স্থাপনের সর্বসম্মতিক্রমে সিদ্ধান্ত গৃহীত হয়। | ক) চেয়ারম্যান, উপজেলা পরিষদ, কোম্পানীগঞ্জ<br>গ) উপজেলা নির্বাহী অফিসার, কোম্পানীগঞ্জ |

কোম্পানীগঞ্জ উপজেলার শান্তি ও সমৃদ্ধির জন্য সবাইকে একসাথে কাজ করার আহবান জানানো হয়। ইউনিয়ন পরিষদের সকল চেয়ারম্যানকে উপজেলা পরিষদ সাধারণ সভায় নিয়মিত উপস্থিত থাকার জন্য অনুরোধ করেন। সভায় আর কোন আলোচনা না থাকায় উপস্থিত সদস্যগণকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করা হয়।

(মোহাম্মদ শাহাব উদ্দিন)
চেয়ারম্যান
উপজেলা পরিষদ
কোম্পানীগঞ্জ, নোয়াখালী।

স্মারক নম্বর ঃ ০৫.৪২.৭৫২১.০০০.০৬.০০১.২৩-

তারিখ ঃ ০৫ জুলাই ২০২৩

অনুলিপি ঃ সদয় জ্ঞাতার্থে / জ্ঞাতার্থে ও কার্যার্থে প্রেরণ করা হলো-

০১। সিনিয়র সচিব, স্থানীয় সরকার বিভাগ, স্থানীয় সরকার পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
০২। বিভাগীয় কমিশনার, চট্টগ্রাম বিভাগ, চট্টগ্রাম।
০৩। পরিচালক, স্থানীয় সরকার, চট্টগ্রাম বিভাগ, চট্টগ্রাম।
০৪। মাননীয় মন্ত্রীর একান্ত সচিব, সড়ক পরিবহন ও সেতু মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা। [মাননীয় মন্ত্রী মহোদয়ের সদয় অবগতির জন্য]
০৫। জেলা প্রশাসক, নোয়াখালী।
০৬। উপপরিচালক, স্থানীয় সরকার, নোয়াখালী।
০৭। উপজেলা ........................................................ কর্মকর্তা, কোম্পানীগঞ্জ, নোয়াখালী।
০৮। চেয়ারম্যান, ..........................................ইউনিয়ন পরিষদ, কোম্পানীগঞ্জ, নোয়াখালী

মো: মেজবা উল আলম ভূঁইয়া
উপজেলা নির্বাহী অফিসার
কোম্পানীগঞ্জ, নোয়াখালী।
ফোন ঃ ০২৩৩৪৪৯৯৪২০৪
E-mail: unocompaniganjnoakhali@mopa.gov.bd